দৈনিক জনকণ্ঠ

তারিখ APR 1 3 1999
পৃষ্ঠা ১ কলাম ৪

১২।

# চবি'র ২ ডিন নির্বাচন ॥

## মুক্তিযুদ্ধ পক্ষ প্রার্থী জয়ী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কলা ও সমাজ বিজ্ঞান অনুষদের ডিন নির্বাচনে দু'টি পদের মধ্যে দু'টিতেই মুক্তিযুদ্ধ ও প্রগতিশীল চেতনায় বিশ্বাসী গোলাপী প্যানেল বিপুল ভোটের ব্যবধানে

(৭-এর পাতায় দেখুন)

# চবি'র ২ ডিন নির্বাচন

(প্রথম পাতার পর)

জয়লাভ করেছে। সোমবার অনুষ্ঠিত মর্যাদাপূর্ণ এই নির্বাচনে গোলাপী প্যানেলের বিজয়ী প্রার্থীরা হচ্ছেন কলা অনুষদে ডঃ ইমরান হোসেন ও সমাজ বিজ্ঞান অনুষদে ডঃ সালেহ্ উদ্দিন। তাদের প্রতিদ্বন্দ্বী ছিলেন বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সাদা প্যানেলের প্রার্থী যথাক্রমে ডঃ মোহাম্মদ শাহ ও ডঃ মোহাম্মদ শামসুদ্দিন।

গুরুত্বপূর্ণ এই দু'টি পদের নির্বাচনে পরাজয়ের মাধ্যমে বিশ্ববিদ্যালয় প্রশাসনে সাদা প্যানেলের প্রতিনিধিত্বের সর্বশেষ সুযোগটি হাতছাড়া হয়ে গেল। ইতোপূর্বে শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের নির্বাচনেও গোলাপী গ্রুপ ১১টি পদের মধ্যে সবকটিতেই বিজয়ী হয়ে পূর্ণ প্যানেলে জয় লাভ করেছিল। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রশাসনিক পদে নির্বাচনে উপর্যুপরি পরাজয়ের কারণ জিজ্ঞাসা করলে সাদা প্যানেলের কয়েকজন শিক্ষক এই প্রতিবেদককে জানান, প্রশাসনিক দলীয়করণ এবং রাজনৈতিক নিয়োগের কারণে সরকার সমর্থিত গোলাপী গ্রুপ আধিপত্য বজায় রেখেছে। এই অবস্থা চলতে থাকলে সাদা প্যানেল ভবিষ্যতে কোন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে না বলে জানান।